

ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুব ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেডের নাম/কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ	নির্বাচনী পরীক্ষার তারিখ সময় ও স্থান	ভর্তি ফি ও জামানত	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরু তারিখ
০১	"গবাদিপালি, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স (আবাসিক) ব্যাচ নং- ১৩২	০৩ মাস	৫০ জন	ন্যূনতম ৮ম শ্রেণী পাশ	২৫/০৯/২০২৫ খ্রি.	২৯/০৯/২০২৫ খ্রি. সকাল ১০টা স্ব স্ব উপজেলা কার্যালয়	১০০/- (অফেরতযোগ্য) ও ১০০/- (ফেরতযোগ্য)	৩০/০৯/২০২৫খ্রি.	০১/১০/২০২৫ খ্রি.

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- ০১। বর্ণিত ট্রেডে ভর্তির জন্য আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৫শে সেপ্টেম্বর ২০২৫খ্রি. এবং প্রশিক্ষণ শুরুর তারিখ ১লা অক্টোবর, ২০২৫খ্রি.।
- ০২। প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় যুব প্রশিক্ষণ কেন্দ্র/জেলা কার্যালয়/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে, আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ০৩। বর্ণিত কোর্সে ভর্তি হতে আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮-৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে।
- ০৪। যুব সংগঠন কর্তৃক মনোনীত প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৫। আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৬। নির্ধারিত অনলাইনে আবেদন ফরমে পূরণকৃত আবেদন ফরম (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) সদ্য জেলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (১১) ধর্ম (১২) জেডার/ লিঙ্গ (১৩) মোবাইল নম্বর (যদি থাকে) (১৪) বিকল্প যোগাযোগ নম্বর
- ০৭। আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে <https://dyd.nise.gov.bd/courses> ওয়েবসাইটের লিংকে গিয়ে আবেদন করতে হবে। আবেদনপত্রের প্রিন্ট কপি স্ব- স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে জমা দিতে হবে।
- ০৮। অনলাইনে প্রিন্ট কপির সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র দাখিল করতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র আনতে হবে।
- ০৯। সাক্ষাৎকার জন্য নির্ধারিত তারিখে নির্বাচনী বোর্ডের সামনে সকাল ১০ঃ০০ ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
- ১০। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। মলিভ(সুইপার, স্বমি, ডোম) যুবনারীদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ১২। ভর্তির সময় নির্বাচিত প্রার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whatsapp ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

প্রশিক্ষণের শর্তাবলী :

- ০১। কোর্সটি আবাসিকভাবে পরিচালিত হবে বিধায় প্রত্যেক প্রশিক্ষার্থীর জন্য বরাদ্দকৃত দৈনিক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা খাবার বাবদ ব্যয় করা হবে।
- ০২। প্রত্যেক প্রশিক্ষার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ০৩। প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- ০৪। ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

১০১
(মোঃ নূরুজ্জামান চৌধুরী)
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
শেরপুর।

তারিখ :- ০৯/০৯/২০২৫খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হ'ল :

- ০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, শেরপুর।
- ০৪। পুলিশ সুপার, শেরপুর।
- ০৫। মেয়র, শেরপুর পৌরসভা।
- ০৬। উপজেলা চেয়ারম্যান (সকল), শেরপুর।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), শেরপুর।
- ০৮। জেলা কর্মকর্তা, শেরপুর।
- ০৯। জেলা তথ্য অফিসার, শেরপুর। (বর্ণিত ভর্তি বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল)
- ১০। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, শেরপুর।
- ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, (সকল), শেরপুর। ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষার্থী নির্বাচন পূর্বক শেরপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করতঃ অনুলিপি জেলা কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, উপজেলা, শেরপুর।
- ১৪। প্রশিক্ষক / সহকারী প্রশিক্ষক (কম্পিউটার), যুব উন্নয়ন অধিদপ্তর, শেরপুর। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তি অত্র কার্যালয়ের ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ।
- ১৫। সভাপতি/সম্পাদক শেরপুর।
- ১৬। অফিস নোটিশ বোর্ড/গার্ড নথি/অফিস নথি।

১০২
(মোঃ হুমায়ুন ইসলাম)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
শেরপুর।